# বাংলাদেশ টি এষ্টেট স্টাফ এসোসিয়েশন
# Bangladesh Tea Estate Staff Association

BTESA
BANGLADESH TEA ESTATE STAFF ASSOCIATION
Regd. No. B-251

Regd. No. B-251, Guha Road, Srimangal, Moulvibazar, E-mail: btesa12@gmail.com
Affiliated with: Bangladesh Free Trade Union Congress, House-19, Lane-1, Block-A, Section-6, Mirpur, Dhaka


**Ref:** বিটিইএসএ, স্মারক নং- ১১৪/০৫/২০২৪ইং

**Date :** ১২.০৫.২০২৪ইং

মাননীয়,
জেলা প্রশাসক,
মৌলভীবাজার জেলা।

পুলিশ সুপারের কার্যালয়
12 MAY 2024
মৌলভীবাজার

**বিষয়: স্মারকলিপি ।**

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত প্রার্থনা এই যে, বাংলাদেশ টি এস্টেট স্টাফ এ্যাসোসিয়েশন (রেজিঃ নং- বি-২৫১) চা শিল্পের একটি অতি পুরনো ও ঐতিহ্যবাহী ট্রেড ইউনিয়ন যা সমস্ত বাংলাদেশে কর্মরত চা কর্মচারী ও ড্রাইভারবৃন্দদের বেতন, বোনাস ও ভাতাদিসহ বিভিন্ন আইনি তথা ন্যায্য সুযোগ-সুবিধা এবং অধিকার আদায় ও সংরক্ষণের পক্ষে কাজ করে থাকে। উক্ত সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবে আমরা নিম্নস্বাক্ষরকারিগণ আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, দেউন্দি টি কোম্পানী লিমিটেড একটি সুনামধন্য চা উৎপাদনকারী প্রতিষ্ঠান। বাংলাদেশে মোট ০৪টি চা বাগানে উক্ত দেউন্দি টি কোম্পানী লিমিটেড ব্যবসা পরিচালনা করে আসছেন। তন্মধ্যে মির্তিংগা চা বাগান মৌলভীবাজার জেলায় অবস্থিত। উক্ত দেউন্দি টি কোম্পানী লিমিটেড-এ কর্মরত কর্মচারী যার সংখ্যা ২৬ জন অত্র সংগঠনের সদস্য।

অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় হলো উক্ত কোম্পানীর বিভিন্ন চা বাগান বিশেষ করে আপনার প্রশাসনাধীন মির্তিংগা চা বাগানে কর্মরত কর্মচারী, এমনকি চাকুরী হতে অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুয়িটিসহ বেতন, ভাতা ও অন্যান্য ন্যায্য পাওনাদি কর্তৃপক্ষ কর্তৃক যথা সময়ে পরিশোধ করা হচ্ছে না। এই সকল ন্যায্য পাওনাদি পরিশোধের ক্ষেত্রে বিভিন্ন টালবাহানা করে কালক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন তথা প্রচলিত নিয়ম ভঙ্গ করা এই কোম্পানীর অভ্যাসে পরিণত হয়ে গেছে, যা বর্তমান শ্রমবান্ধব সরকারের প্রচলিত আইনের পরিপন্থী।

**উক্ত কোম্পানীর নিকট আমাদের মির্তিংগা চা বাগানের কর্মচারীদের বকেয়া পাওনাদির একটি পূর্ণাঙ্গ হিসাব মহোদয়ের জ্ঞাতার্থে নিম্নে উল্লেখ করা হলোঃ**

| | |
|---|---|
| ১) মাসিক বেতন | : অক্টোবর ২০২৩ থেকে অদ্যাবধি অপরিশোধিত। |
| ২) প্রফিট/ গ্র্যান্টেড বোনাস | : ২০১৮ সাল থেকে অদ্যাবধি অপরিশোধিত। |
| ৩) উৎসব ভাতা | : ২০২৩ সাল থেকে অদ্যাবধি অপরিশোধিত। |
| ৪) লীভ এলাউন্স | : ২০২৩ সাল থেকে অদ্যাবধি অপরিশোধিত। |
| ৫) বকেয়া মজুরী | : ২০২২-২০২৩ সালের চুক্তিনামার তৃতীয় কিস্তি অপরিশোধিত। |
| ৬) ওভার টাইম ভাতা | : ২০২১ সাল থেকে অদ্যাবধি অপরিশোধিত। |
| ৭) গ্র্যাচুয়িটি | : ২০১৭ সাল থেকে অবসরপ্রাপ্ত ০২ জন সদস্যের গ্র্যাচুয়িটি অদ্যাবধি অপরিশোধিত। |

১২.০৫.২৪

উপরোক্ত বকেয়া পরিশোধের তাগিদ দিয়ে অত্র সংগঠনের পক্ষ থেকে উল্লেখিত কোম্পানীর কর্তৃপক্ষ বরাবর বারংবার পত্র প্রেরণ করা হয়েছে (প্রেরিত পত্রের কপি সংযুক্ত)। কিন্তু আমাদের প্রেরিত পত্রের বিপরীতে বাগান ব্যবস্থাপনা কর্তৃক কোনরূপ ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ না করায় পরবর্তীতে আমরা মাননীয় উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর মহোদয়ের শরণাপন্ন হই। অত:পর উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর মহোদয়ের উদ্যোগে শ্রম দপ্তর কার্যালয়ে একাধিকবার ত্রি-পাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে বকেয়া পাওনাদি পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু অতীব পরিতাপের বিষয় মাননীয় উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর মহোদয়ের মধ্যস্থতায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে উক্ত কোম্পানীর কর্তৃপক্ষ বরাবরের মতোই উদাসীনতা প্রকাশ করেন, যা রাষ্ট্রের সম্মানিত পর্যায়ে আসীন একজন মর্যাদা সম্পন্ন কর্মকর্তা তথা রাষ্ট্রের শ্রম আইনের প্রতি বৃদ্ধাঙ্গুল প্রদর্শনের সামীল বলে আমরা মনে করি। (উপরোক্ত ত্রি-পাক্ষিক বৈঠকের রেজুলেশন কপি সংযুক্ত)

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য # ০২

বাংলাদেশ টি এষ্টেট স্টাফ এসোসিয়েশন
Bangladesh Tea Estate Staff Association
Regd. No. B-251, Guha Road, Srimangal, Moulvibazar, E-mail: btesa12@gmail.com
Affiliated with: Bangladesh Free Trade Union Congress, House-19, Lane-1, Block-A, Section-6, Mirpur, Dhaka

Ref: বিটিইএসএ, স্মারক নং- ১১৪/০৫/২০২৪ইং

Date : ১২.০৫.২০২৪ইং



দীর্ঘ সময় বেতন, ভাতা ও অন্যান্য আর্থিক পাওনাদি না পেয়ে উক্ত মির্তিংগা চা বাগানের কর্মচারীরা অত্যন্ত মানবেতর জীবনযাপন করছেন, মূলত চা বাগানে কর্মরত আমরা চা কর্মচারীরা চা বাগানের প্রশাসনিক কাঠামোর মধ্যস্থানে অবস্থিত বিধায় কর্মক্ষেত্রে আমরা খুবই অসহায়। এমতাবস্থায় আমরা উপায়ন্তর হারিয়ে আপনার শরণাপন্ন হলাম।

উপরোক্ত বর্ণিত বিষয়ের আলোকে আপনার নিকট আমাদের আকুল প্রার্থনা এই যে, উল্লেখিত মির্তিংগা চা বাগানে কর্মরত অত্র সংগঠনের সদস্যদের যাবতীয় ন্যায্য বকেয়া পাওনাদি আদায় এর ব্যাপারে আপনি আন্তরিকতার সহিত চা শিল্পে কর্মরত আমরা শ্রমজীবি কর্মচারীদের পক্ষে দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ করবেন বলে আমরা আশাকরি।

পরিশেষে, বর্তমান শ্রমবান্ধব সরকারের একজন সুযোগ্য মাননীয় জেলা প্রশাসকের কার্যকরি পদক্ষেপের মাধ্যমে আমরা নিশ্চিন্তে কোনো প্রকার শঙ্কা ছাড়া শ্রমের বিনিময়ে নিজেদের ন্যায্য প্রাপ্য সহ শ্রম-অধিকার রক্ষার মাধ্যমে পরিবার পরিজন নিয়ে শান্তিতে দিনাতিপাত করতে পারবো বলে মনে প্রাণে বিশ্বাস করি।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

(মো: জাকারিয়া আহমদ)
সভাপতি, বিটিইএসএ।
মোবাইল: ০১৭১১-২৩৩২৭০

(মো: আমিনুর রহমান)
সাধারণ সম্পাদক, বিটিইএসএ।
মোবাইল: ০১৭১১-২৩৩২৬৮

**অনুলিপি:**

১। বীর মুক্তিযোদ্ধা ড. মো: আব্দুস শহীদ, এম.পি
ও মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। মাননীয় চেয়ারম্যান, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৩। মাননীয় পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪। মাননীয় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ।
৫। মাননীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা, কমলগঞ্জ।
৬। মাননীয় উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭। মাননীয় উপ মহাপরিদর্শক, কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল।
৮। মাননীয় ভারপ্রাপ্ত কর্মকর্তা, কমলগঞ্জ থানা।

জেলা প্রশাসকের কার্যালয়
তাং ..........
মৌলভীবাজার